

12616 - রমজান মাসের আগমন উপলক্ষে শুভেচ্ছা বিনিময় করা

প্রশ্ন

রমজান মাসের আগমন উপলক্ষে শুভেচ্ছা বিনিময় করা কি জায়েয আছে? নাকি এটা বিদআতের পর্যায়ে পড়বে?

প্রিয় উত্তর

রমজান মাসের আগমন উপলক্ষে শুভেচ্ছা বিনিময় করতে কোন দোষ নেই। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর সাথীবর্গকে রমজান মাস আগমনের সুসংবাদ দিতেন। তাদেরকে রমজানের ব্যাপারে সবিশেষ গুরুত্ব দেয়ার প্রতি উদ্বুদ্ধ করতেন। আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “তোমাদের নিকট মোবারকময় রমজান মাস এসেছে। আল্লাহ তাআলা এ মাসে রোজা রাখা তোমাদের উপর ফরজ করেছেন। এ মাসে আসমানের দরজাগুলো খুলে দেয়া হয়। জাহান্নামের দরজাগুলো বন্ধ করে দেয়া হয়। উদ্ধত শয়তানগুলোকে শিকল পরানো হয়। এ মাসে এমন একটি রজনী রয়েছে যা হাজার মাসের চেয়ে উত্তম। যে ব্যক্তি এ মাসের কল্যাণ থেকে বঞ্চিত হয় সে আসলেই বঞ্চিত। [সুনানে নাসাঈ (৪/১২৯), সহিহ তারগীব গ্রন্থে ১/৪৯০ হাদিসটি রয়েছে]

সাবউনা মাসয়ালা ফিস সিয়াম